দৈনিক খবর

তারিখ ... 24 SEP 1991
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৭

23

# চরম অনিশ্চয়তার মুখে ৫০ জন ডিগ্রী পরীক্ষার্থী

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার উত্তরপত্র কেলেংকারির ঘটনার প্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটি রিপোর্ট প্রদানে গড়িমসি করায় ৫০ জন ডিগ্রী পরীক্ষার্থী চরম অনিশ্চয়তার সম্মুখীন হয়েছে।

অভিযোগে জানা গেছে, চলতি বছরে অনুষ্ঠিত ১৯৯০ সালের ডিগ্রী পরীক্ষায় রাজধানী ঢাকার শেখ বোরহানুদ্দীন কলেজের ৩৮৩৭১ থেকে ৩৮৪২৭ রোল নম্বরধারী ৫০ জন পরীক্ষার্থীর বাংলা বিষয়ের উত্তরপত্রের পরীক্ষক নিযুক্ত হন ঢাকার ইডেন কলেজের জনৈক অধ্যাপিকা। এই অধ্যাপিকা

অধ্যাপিকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা দপ্তরের কর্মচারী জাহাঙ্গীর আলমের যোগসাজশে তার এক এজেন্টের মাধ্যমে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের সঙ্গে যোগাযোগ করে এবং ওই বিষয়ে কৃতকার্য করে দেয়ার নিশ্চয়তায় মাথাপিছু তিন হাজার টাকা দাবী করে। শেখ বোরহানুদ্দীন কলেজের অধ্যক্ষ এ কে এম শহীদুল্লাহ স্বাক্ষরিত অভিযোগপত্রে বলা হয়, এরকম একটি আর্থিক লেনদেন চলাকালে বিশ্ববিদ্যালয়ের একটি আবাসিক হলের একটি কক্ষ থেকে পরীক্ষা নিয়ন্ত্রক উক্ত কর্মচারী ও এজেন্টকে হাতেনাতে ধরে ফেলেন এবং তিনি খাতাগুলো উদ্ধারের জন্য তৎক্ষণাৎ পরীক্ষকের বাসায় হাজির হন। পরবর্তীতে ঘটনা তদন্তের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডীনের নেতৃত্বে একটি তদন্ত কমিটি গঠন করেন।

উল্লেখ্য, পরীক্ষকের এহেন অসদুপায় অবলম্বনের কথা পরীক্ষার্থীরা গত জুন মাসেই পরীক্ষা নিয়ন্ত্রককে ওয়াকেবহাল করে। তদন্ত কমিটি গঠনের আড়াই মাস অতিবাহিত হয়েছে। অন্যদিকে সম্প্রতি ডিগ্রী পরীক্ষার ফলাফলও প্রকাশিত হয়েছে। পরীক্ষা দপ্তর শেখ বোরহানুদ্দীন কলেজের উল্লেখিত ৫০ জন পরীক্ষার্থীর ফলাফল তদন্ত সাপেক্ষে স্থগিত রেখেছে। সংশ্লিষ্ট পরীক্ষার্থীরা এ ব্যাপারে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের আবেদন জানিয়েছেন।